

আন্তর্জাতিক

ইরানকে মক্কা চুক্তিতে অন্তর্ভুক্তির আহ্বান রাশিয়ার

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২৩ PM



মক্কা প্রতিরক্ষা জোটে ইরানকে অন্তর্ভুক্ত করার আহ্বান জানিয়েছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সার্গেই লাভরভ।

সোমবার (৭ সেপ্টেম্বর) তিনি বলেন, আঞ্চলিক নিরাপত্তা ব্যবস্থায় ইরানের অংশগ্রহণ উপসাগরীয় অঞ্চলে স্থিতিশীলতা নিশ্চিত করার দিকে একটি গুরুত্বপূর্ণ বাস্তব পদক্ষেপ হতে পারে।

মস্কো স্টেট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল রিলেশনসের (এমজিআইএমও) শিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে এক বৈঠকে এসব কথা বলেন লাভরভ।

তিনি স্মরণ করিয়ে দেন, ২০ বছরেরও বেশি সময় আগে রাশিয়া উপসাগরীয় দেশগুলোকে আরব রাজতন্ত্র ও ইরানসহ অঞ্চলটির জন্য একটি নিরাপত্তা ধারণা তৈরির লক্ষ্যে বৈঠক আয়োজনের প্রস্তাব দিয়েছিল।

ল্যাভরভ বলেন, তাদের মধ্যকার সম্পর্ক জটিল এটি স্বীকার করেই আমরা এগিয়েছিলাম। আমাদের ধারণা ছিল, আমরা বৈঠক আয়োজন, পারস্পরিক অভিযোগ নিয়ে আলোচনা এবং কিছু আস্থা তৈরির পদক্ষেপে ঐকমত্যে পৌঁছাতে তাদের সহায়তা করব।

তিনি আরও বলেন, আমরা মনে করেছিলাম, আরব লিগ, ইসলামিক সহযোগিতা সংস্থা (ওআইসি) এবং জাতিসংঘের নিরাপত্তা পরিষদের পাঁচ স্থায়ী সদস্য একই সঙ্গে যুক্ত থাকলে এসব আলোচনা আয়োজন করা সহজ হবে।

ল্যাভরভ বলেন, ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল তেহরানের বিরুদ্ধে যৌথ সামরিক অভিযান শুরু করার পর পরিস্থিতিতে পরিবর্তন আসতে শুরু করে।

তিনি বলেন, কয়েক বছর আগে ইরানের বিরুদ্ধে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের আগ্রাসনের আগে চীনের উদ্যোগ এবং আমাদের সক্রিয় উৎসাহে ইরান ও সৌদি আরবের মধ্যে সম্পর্ক স্বাভাবিক হয়েছিল।

ল্যাভরভ সৌদি আরব, পাকিস্তান ও তুরস্কের উপস্থাপিত মক্কা চুক্তির কথা উল্লেখ করে তিনি এটিকে ঐকমত্যে নিরাপত্তা ও প্রতিরক্ষামূলক জোট-এর একটি কাঠামো হিসেবে বর্ণনা করেন।

তিনি চুক্তিটির উদ্যোক্তারা জোর দিয়ে বলেছেন, উপসাগরীয় অঞ্চলের বাইরের দেশসহ অন্য দেশগুলোর জন্যও এর দরজা খোলা থাকবে।

ঐকমত্যের কথা প্রায়ই বলা হয়। আমি নিশ্চিত, আলজেরিয়া আগ্রহ দেখালেও কোনো এক পর্যায়ে সেটিও ইতিবাচক প্রভাব ফেলবে ঐকমত্যে যোগ করেন রুশ পররাষ্ট্রমন্ত্রী।

তিনি আরও বলেন, এ ধরনের কোনো কাঠামো যদি ইরান কীভাবে এই প্রক্রিয়ায় অংশ নিতে পারে, সেই শর্তগুলো নিয়েও ঐকমত্যে পৌঁছাতে পারে, তাহলে আমার মনে হয় এটি আমাদের শুরুতে প্রণয়ন করা ধারণার দিকে যাওয়ার সবচেয়ে বাস্তব পদক্ষেপ হবে। আর এই প্রক্রিয়ায় রাশিয়া নেতৃত্বের ভূমিকায় থাকার চেষ্টা করবে না।

সূত্র: আনাদোলু

এ বিভাগের আরও খবর



হুঘিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুঘি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে য...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে ছবিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের ছবিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ক্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...